

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা- ১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.১১৪.০০৪.০৭.০১.১৬৮.২০১৮-৩৩২

তারিখ

১১ অগ্রহায়ণ, ১৪২৫।
২৫ নভেম্বর, ২০১৮।

বিষয়ঃ রীট পিটিশন নং ৬৫০৩/২০১৮ এর দফাওয়ারী ইংরেজী জবাব ও রীট সংশ্লিষ্ট তথ্য/রেকর্ডপত্র প্রেরণ।

স্মারক নং-৩৮.১১৪.০০৪.০৭.০১.১৬৮.২০১৮-৬৬৬

তারিখঃ ২৫/০৬/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব আবুল মনসুর গং, প্রধান শিক্ষক, সোনাপুর করিমপুর প্রাথমিক বিদ্যালয় (সদ্য জাতীয়করণকৃত), উপজেলা-তাহিরপুর, জেলা-সুনামগঞ্জ নিজ নিজ বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে যোগদান করে তাঁদের দায়িত্ব পালন করে আসছেন। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৮.০০৭.০১৫.০০০.১২.০০.২০১৩-৪৮৫, তারিখঃ ১০.১১.২০১৩ খ্রিঃ অনুযায়ী তাঁদের পদবী স্ব স্ব বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পরিবর্তে সহকারী শিক্ষক হিসেবে গেজেটভুক্ত করা হয়। ফলে তাঁরা সংক্ষুদ্ধ হয়ে প্রধান শিক্ষক পদের দাবীতে মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ৬৫০৩/২০১৮ দায়ের করেন।

২। উক্ত রীটের বিরুদ্ধে সরকার পক্ষে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত রীট পিটিশন সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি প্রয়োজন, যা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইনকোষে সংরক্ষিত নেই।

৩। বর্ণিত অবস্থায়, রীট পিটিশন নং ৬৫০৩/২০১৮ সংশ্লিষ্ট নিম্নে বর্ণিত রেকর্ডপত্রাদি পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইন কোষে প্রেরণের জন্য বর্ণিত স্মারকে তাঁকে পত্র প্রেরণ করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি জবাব সহ রেকর্ডপত্র প্রেরণ না করায় আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে চাহিত রেকর্ডপত্র অধিদপ্তরের আইন শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

- (১) রীট পিটিশন নং ৬৫০৩/২০১৮ এর বিষয়ে তার গৃহীত কার্যক্রমের বিবরণ, দুই প্রস্থ।
- (২) রীট পিটিশনের দফাওয়ারী ইংরেজী জবাব (যথাস্থানে ডিপিইও এর স্বাক্ষর ও সীলসহ), দুই প্রস্থ।
- (৩) প্রেরিত ওকালত নামায় স্বাক্ষর প্রদান (যথাস্থানে ডিপিইও এর স্বাক্ষর ও সীলসহ)।
- (৪) প্রেরিত ক্ষমতাপর্শনে স্বাক্ষর প্রদান (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- (৫) সরকার পক্ষের যাবতীয় রেকর্ড পত্র, দুই প্রস্থ।
- (৬) প্রতিটি রেকর্ড স্পষ্ট হওয়া প্রয়োজন।

৪। এ বিষয়ে আর কোন তাগিদপত্র দেয়া হবে না। কোন প্রকার অনিয়ম বা অবহেলাজনিত কারণে সরকারের ক্ষতি হলে এর দায়-দায়িত্ব তাঁর উপর বর্তাবে এবং বিষয়টি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে অবহিত করে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।


২০/১১/২০১৮

(মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার)
সহঃ পরিচালক (আইন)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার।
সুনামগঞ্জ।

স্মারক নং- ৩৮.১১৪.০০৪.০৭.০১.১৬৮.২০১৮-৩৩২/২

তারিখ

১১ অগ্রহায়ণ, ১৪২৫।
২৫ নভেম্বর, ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট। তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

২। অফিস নথি।


২০/১১/২০১৮

(মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার)
সহঃ পরিচালক (আইন)